স্নাতক পাসে নিয়োগ দেবে এসিআই

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে অ্যাডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এসিআই)। প্রতিষ্ঠানটি মার্কেটিং অফিসার পদে নিয়োগ দেবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

মার্কেটিং অফিসার, এনিমেল হেলথ।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীকে এসএসসি-তে বিজ্ঞান বিভাগসহ ন্যূনতম স্নাতক পাস হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর।

কর্মস্থল

বাংলাদেশের যেকোনো স্থানে।

আবেদন প্রক্রিয়া

প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

১৮ জানুয়ারি, ২০২৪

মেহেরপুরে ট্রাক্টরের ধাক্কায় আহত রিক্সা চালকের মৃত্যু

মেহেরপুর পৌর ভূমি অফিসের সামনে ট্রাক্টরের ধাক্কায় রিক্সা চালক মো. কালু মিয়া (৫৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। আজ মঙ্গলবার (৯ জানুয়ারি) ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান

তিনি।

গতকাল সোমবার (৮ জানুয়ারি) বেলা ১২ টা ২০ মিনিটের সময় পৌর ভূমি অফিসের সামনে এই দুর্ঘটনা ঘটে। মোঃ কালু মিয়া (৫৩), সদর উপজেলা গোভিপুর ভিটাপাড়া গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

স্থানীয়রা জানায় পৌর ভূমি অফিসের সামনে রিক্সার চালক মোঃ কালু
(৫৩) তার নিজ রিক্সার নিয়ে দাড়িয়ে ছিলো অপর দিক থেকে আসা ট্রাক্টর চালক রায়হান (৩৫) নিয়ন্ত্রণ হারিয়ে রিক্সার চালক কালুর রিক্সাসহ তার শরীরে উঠিয়ে দিয়ে এতে রিকশাটি দুমড়ে-মুচড়ে চালক কালু মিয়া আহত হন। এসময় সে জ্ঞান হারিয়ে রাস্তায় পড়ে থাকে আমরা স্থানীরা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে (রামেক) রেফার্ড করলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

এ ঘটনায় ট্রাক্টরের চালক রায়হান (৩৫)কে আটক করে সদর থানা হেফাজতে রাখা হয়েছে।

জায়েদ খানের সুখবর

সংবাদমাধ্যম অনুযায়ী, ‘সোনার চর’ নামের একটি সিনেমা মুক্তি পেতে যাচ্ছে শিগগিরই। তাতে অভিনয় করেছেন জায়েদ খান।

জাহিদ হোসেন পরিচালিত ‘সোনার চর’ সিনেমা প্রসঙ্গে জায়েদ খান বলেন, আমার ক্যারিয়ারে সবচেয়ে বেশি শ্রম দেওয়া সিনেমা ‘সোনার চর’। এ সিনেমায় আমি একজন মুক্তিযোদ্ধার চরিত্রে অভিনয় করেছি। চরিত্রটির নাম মানিক। চরিত্রের প্রয়োজনে প্রায় দুই বছর চুল কাটিনি। লম্বা সময় ধরে চুল বড় করেছি।

নিজেকে ভেঙেছি, গড়েছি। এখানে বদলে যাওয়া এক জায়েদ খানকে আবিষ্কার করবেন দর্শক।

সিনেমাটির পরিচালক জানিয়েছেন ‘সব প্রক্রিয়া সম্পন্ন করে সিনেমাটি সেন্সরের জন্য জমা দেয়া হয়েছে। সেন্সর পাওয়ার পরই মুক্তির দিনক্ষণ চূড়ান্ত হবে। আশা করা যাচ্ছে খুব শিগগিরই সিনেমাটি মুক্তি পাবে।’

জানা যায়, সিনেমাটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার জীবনের একাংশ নিয়ে তৈরি যেখানে দেখানো হয়েছে ১৯৭৫-এ বঙ্গবন্ধু হত্যার পর বাংলাদেশে ফেরার সময়টি। সিনেমাটি প্রযোজনা করেছেন জাহাঙ্গীর সিকদার।

২০২১ সালে ‘সোনার চর’ সিনেমায় কাজ করেছিলেন জায়েদ খান। এতে তার সহশিল্পী ছিলেন চিত্রনায়িকা মৌসুমী, ওমর সানী, শহীদুজ্জামান সেলিম, স্নিগ্ধা, শবনম পারভীনসহ অনেকে।

মেহেরপুরে নির্বাচন পরবর্তি সহিসংতা বন্ধের দাবিতে পরাজিত প্রার্থীর সংবাদ সম্মেলন

মেহেরপুর-১ আসনের সংসদীয় এলাকার বিভিন্ন গ্রামে ছড়িয়ে পড়েছে নির্বাচন পরবর্তি সহিংসতা। পরাজিত প্রার্থীর নেতাকর্মীদের উপর হামলা, মারধর, তাদের বাড়িঘর ভাংচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে। এসকল অভিযোগ তুলে মঙ্গলবার দুপুরে পরাজিত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান তার বাসভবনে এক সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, আপনাদের (সাংবাদিকদের) অভিজ্ঞতার আলোকে নিশ্চয় জানেন যে, নির্বাচনে পরাজিত প্রার্থীর কর্মি সমর্থকরা পরাজয়ের লজ্জায় এবং নানাবিধ হুমকি ধমকির কারণে কিছুদিন ভয়ে ভয়ে আড়ালে আবডালে এবং ঘরেই অবস্থান করেন। অন্য দিকে সহিংসতা ও সংঘর্ষের আশঙ্কায় বিজয়ী প্রার্থী স্বয়ং তার কর্মিসমর্থকদের আনন্দ মিছিল সাধারণত করতে দেন না এবং সহনশীল আচারণ করতে বলেন। প্রধানমন্ত্রীও বরাবরই তা নিষেধ করেন।

কিন্তু মেহেরপুর- মুজিবনগরে বিজয়ী প্রার্থী প্রতিমন্ত্রী ফরহাদ

হোসেন নির্বাচনের পূর্ব থেকেই আওয়ামীলীগ নেতা কর্মিদের শয়তান বলে আখ্যা দিয়ে আগে থেকেই তার কর্মিসমর্থকদের উসকানি দিয়ে রেখেছেন। নির্বাচনের দিন জানুয়ারি বিকেল ৪টায় ভোট শেষ হওয়ার মাত্র কয়েক মিনিটের মধ্যেই রকেট গতিতে সুবিদপুর কেন্দ্রের ভোট গনণার শেষে ফলাফল ঘোষনা করা হয়। এরপর সেখানে এবং দুই উপজেলার বিভিন্ন গ্রামের নির্বাচন পরবর্তি সহিংসতা ও হিংস্রতা শুরু হয়ে এখন পর্যন্ত চলছে।

গতকাল সোমবার রাতে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের লোকজন মিছিল সহকারে গিয়ে মুজিবনগর উপজেলার চেয়ারম্যান প্রবীন আওয়ামীলীগ নেতা জেলা আওয়ামীলীগ এর সহ সভাপতি জনাব জিয়া উদ্দিন বিশ্বাসের বাসায় হামলা চালায় ইট পাটকেল ছোড়ে এবং তার লোকজনকে মারধর করে। এসময় এলাকা বাসী আত্মরক্ষার্থে প্রতিরোধ করলে সংঘর্ষ বাধে এতে উভয় পক্ষের লোকজন আহত হয়। জিয়া উদ্দিন বিশ্বাস ও তার লোকজন প্রানভয়ে আইনের আশ্রয় নেয়ার জন্য বাইরে যেতে পারছেন না। এছাড়াও একই উপজেলার বাগোয়ান গ্রামের আওয়ামীলীগ কর্মি লালনের বাড়িতে হামলা করা হয়।

তিনি অভিযোগ করে বলেন, সদর উপজেলার কলাইডাঙ্গা ও কালীগাংনী গ্রামে মহিলা মেম্বার বুলবুলি খাতুন ও মহিলা মেম্বার রহিমা খাতুন ভেজালীকে মেরে আহত করা হয়েছে। বুলবুলিকে রাজশাহী মেডিকেল কলেজে রেফার্ড করা হয়। কালীগাংনীর অনেকে প্রাণ ভয়ে বাড়ি ছাড়া। তেরোঘরিয়া বিল দখল করে নিয়েছে, যতারপুরে সাহেব আলীর কলা বাগান ও পেঁপে বাগান তছরুপাত করে। সোনাপুরে ছফর আলীর বাড়িতে হামলা করা হয়েছে, উজলপুরে মনছুদ্দিন ও তার পরিবারকে মারধর করেছে নৌকার কর্মি গোলাম মেম্বার, গোভীপুরে আছুনুর রহমান গোপালের উপর হামলা করেছে ইউপি চেয়ারম্যান ও তার লোকজন, আশরাফপুরে হায়দার ও নিজাম সহ ১০/১২ জন আওয়ামীলীগ কর্মিকে মারধর করেছে ও বাড়িছাড়া করেছে, দক্ষিণ শালিকায় ওসাইদ মেম্বারের অফিসে হামলা করেছে, রাধাকান্তপুরে ইসমাইল মেম্বারের বাড়িতে হামলা ও ভাংচুর করেছে, চাঁদবিলে হাবিবের বাড়িতে হামলা করায় সে প্রাণ ভয়ে বাড়ি ছাড়া, বর্শিবাড়িয়াতে ৮/১০ টি মাটরসাইকেল যোগে প্রতিমন্ত্রীর সমর্থকরা রামদাসহ অস্ত্র সজ্জিত হয়ে পরাজিত ট্রাক প্রতিকের লোকজনকে খুজতে থাকে, মেহেরপুর পৌরসভার ০৫ নং ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতির অফিসে তালা দিয়েছে। এছাড়াও প্রতিনিয়তই হামলার ঘটনা ঘটছে। অবিলম্বে এর অবসান না হলে হামলার শিকার ব্যক্তিরা নিজেদের বাঁচার তাগিদে ঘুরে দাড়ালে আরো মারাত্মক সংঘর্ষ ব্যপক ভাবে ছড়িয়ে পড়ার আশঙ্কা

রয়েছে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, পুলিশ প্রশাসন প্রতিমন্ত্রীর চাপে কোন আইনি পদক্ষেপ নিচ্ছে না এবং ভোটে যে কারচুপি হয়েছে তা আপনারাও বুঝতে পেরেছেন।

চুয়াডাঙ্গাতে দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক ডিউক মারা গেছেন

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য ও বাংলাদেশ বেতারের জেলা সংবাদদাতা এবং চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক জ্যেষ্ঠ সাংবাদিক এ্যাডভোকেট তছিরুল আলম মালিক ডিউক আজ মঙ্গলবার সকাল সাড়ে ৮টার পর শহরের টাউন মাঠের অপর পাশে অবস্থিত নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন, ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দু’ছেলে-মেয়ে রেখে গেছেন।

তিনার মৃত্যুতে শোক প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমাবেদনা জানিয়েছে মেহেরপুর প্রতিদিন সংবাদপত্রের পরিবার।

মেহেরপুরে নির্বাচন পরবর্তী সহিংসতা: দু’ পক্ষের ২১ জন আহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় আনন্দবাস গ্রামে পরাজিত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের কর্মী সমর্থকদের হমালায় নবনির্বাচিত সংসদ সদস্য ফরহাদ হোসেন ১৮ কর্মী আহত হয়েছে। এ ঘটনায় আহত হয় পরাজিত স্বতন্ত্র প্রার্থীর তিন নেতা-কর্মী।

গতকাল সোমবার রাত সাড়ে ৯ টার দিকে ঐ গ্রামের জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও মুজিবনগর উপজেরা পরিষদের চেয়ারম্যান জিয়া উদ্দীন বিশ্বাসের বাড়ির সামনে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, আনন্দবাস গ্রামের কিয়ামত আলীর ছেলে সাবেক ইউপি সদস্য ফেরদোস আলী (৫০), আল মাজুল মোল্লার ছেলে আকাশ (২৫), মৃত বক্স বিশ্বাসেট ছেলে টুকু বিশ্বাস (৪০), সিরাজুল ইসলামের ছেলে হাসিব (১৩), আলতাব হোসেনের ছেলে অন্তর (১৬), ফজলু মোল্লার ছেলে আব্দুল হামিদ (৩২), মৃত জিরোত আলীর ছেলে আশরাফুল ইসলাম (৪৫), মৃত ওসমানের ছেলে আয়াত আলী (৪৫), নঈমুদ্দীন মোল্লার ছেলে নাহিদুল ইসলাম (৫৯), আয়ূব হোসেনের ছেলে নাহিদুল ইসলাম (৩৫) ওয়াজ কুরুনির ছেলে পিয়াস (২৫), মৃত শওকত আলীর ছেলে আলী ইয়াছিন (৫০) সহ আরো ৬ জন।

প্রতক্ষ্যদর্শীরা জানান, রাত সাড়ে ৯ টার দিকে আনন্দবাস গ্রামে মেহেরপুর-১ আসনে নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের কর্মী-সমর্থকরা বিজয় মিছিল শুরু করে। মিছিলটি স্বতন্ত্র প্রার্থীর নেতা জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়া উদ্দীন বিশ্বাসের বাড়ির সামনে পৌঁছালে মিছিলের মধ্যে থেকে পরাজিত স্বতন্ত্র প্রার্থীর এক কর্মীকে চড় থাপ্পড় মারে। এতে ক্ষিপ্ত হয় স্বতন্ত্র প্রার্থীর লোকজনরা। ছাদের উপর থেকে নৌকার কর্মী সমর্থকদের উপর ইট-পাটকেল নিক্ষেপ শুরু করে। ঘটনার এক পর্যায়ে তারা দেশীয় অস্ত্র ও লাঠিশোটা নিয়ে নৌকার কর্মী সমর্থকদের উপর হামলা চালায়। এতে নৌকার পক্ষের ১৮ ও স্বতন্ত্র প্রার্থীর তিন কর্মী-সমর্থক আহত হয়।

স্থানরীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। এদের মধ্যে সাবেক ইউপি সদস্য ফেরদৌস আলীসহ তিন কর্মীর অবস্থা গুরুতর হলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠিয়ে দেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উজ্জ্বল কুমার দত্ত্ব জানান, খবর পেয়ে ঘটনাস্থলে যায় মুজিবনগর থানা পুলিশের একটি দল। উভয় পক্ষের নেতা-কর্মীদের ছত্রভঙ্গ করে দেয়। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। এলাকায় পুলিশ মোতায়ে করা হয়েছে। কেউ মামলা করলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা যায়নি।

চুয়াডাঙ্গা-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হাশেম রেজার সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা-২ আসনে নৌকার প্রার্থী আলী আজগর টগর ও সমর্থকরা বিভিন্ন ভোট কেন্দ্র দখল করে জোরপূর্বক ভোট প্রদান, পোলিং এজেন্টদের মারধর সহ বিভিন্ন অনিয়মের অভিযোগে তুলে সংবাদ এক সম্মেলন করা হয়েছে। সংবাদ সম্মেলনে চুয়াডাঙ্গা-২ আসনে পুনঃ নির্বাচনের দাবী জানিয়েছেন স্বতন্ত্র প্রার্থী (ট্রাক প্রতীক) মোঃ হাশেম রেজা এই সংবাদ সম্মেলন করেছে ।

গতকাল সোমবার রাত ৮ সময় দামুড়হুদা উপজেলার কড়ুলগাছি গ্রামে তার নিজ বাড়িতে এই সংবাদ সম্মেলনে আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা অ্যাডঃ আবু তালেব, দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আজিজুর রহমান,নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মমিন মাষ্টার প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীক দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটি সদস্য মোঃ হাশেম রেজা সংবাদ সম্মেলনে বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি সংসদীয় আসন (৮০) চুয়াডাঙ্গা-২ আসন থেকে স্বতন্ত্র এমপি প্রার্থী হিসাবে (ট্রাক প্রতীক) নিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করি। আমার পক্ষে সাধারণ ভোটারদের বাঁধভাঙ্গা উল্লাস ও সমর্থন দেখে চুয়াডাঙ্গা-২ আসেন বর্তমান সংসদ সদস্য নীলনকশা বাস্তবায়ন করেন। নির্বাচনী প্রচার-প্রচারণার শুরু থেকে আমার পক্ষের সমর্থকদের বাড়ি বাড়ি যেয়ে হুমকী ধামকী দেন। কর্মীদের বাড়ির খরের গাদায় আগুন। ক্রস ফায়ারের আসামী ও সন্ত্রাসীদের দিয়ে আমার পথসভায় হামলা চালায়। প্রকাশ্যে আগ্নেয় অস্ত্র প্রদর্শন সহ বিভিন্ন ভাবে আমার কর্মী সমর্থকদের বাঁধা

প্রদান করে আসছে। শুধু তাইনা নৌকার প্রার্থী তার নিজের পক্ষে নির্বাচনের ফলাফল আনতে জঘন্যতম সকল নোংরা মানসিকতার বহিঃপ্রকাশ ঘটিয়ে নিজের অনুকূল আনেন এবং চুয়াডাঙ্গা-২ আসনের মানুষের স্বপ্নের ভোটকে কবর দিয়ে নৌকার বিজয় নিশ্চিত করেন। ভোটের দিন জোর করে ভোট কেন্দ্র দখল। জাল ভোট প্রদান সহ নানান অনিয়মের মাধ্যমে নৌকা প্রতীকের প্রার্থীর বিজয় সুনিশ্চিত হয়।

চুয়াডাঙ্গা জেলার স্থানীয় সংবাদপত্র সহ বিভিন্ন জাতীয় সংবাদপত্র, ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে জোরপূর্বক কেন্দ্র দখল করে নৌকার পক্ষে ভোট চলছে বলে সংবাদ প্রকাশিত হয়। নৌকার পক্ষে জাল ভোট প্রদানের জন্য কয়েক জনের বিরুদ্ধে প্রশাসন কয়েক জনকে জেল জরিমানা করে। ছাপ্পা ও জাল ভোটের মাধ্যমে নৌকার নির্লজ্জ বিজয় আমার চুয়াডাঙ্গা-২ আসনের জনগণ প্রত্যাক্ষাণ করেছে। তাই পূণরায় নির্বাচনের দাবী জানিয়ে মাঠে নেমেছে হাজার হাজার মানুষ।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি গ্রহনযোগ্য ও সুষ্ঠু নির্বাচনের ঘোষণা দেন। দলমত নির্বিশেষে সকলকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ দেয়ার ঘোষণা দিলে আমরা গনতন্ত্রে বিশ্বাসী নাগরিক হয়ে স্বতন্ত্র এমপি প্রার্থী হওয়ার ঘোষণা দিই। এলাকার হাজার হাজার মানুষের সমর্থনে ট্রাক প্রতীক নিয়ে নির্বাচনে ঝাপিয়ে পরি। আমি বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির একজন সদস্য। আমি মুজিব আদর্শের সৈনিক। কিন্তু আমার চোখের সামনে গনতন্ত্রকে হত্যা করেছে। জনগনের ভোটকে জোরপূর্বক ছিনিয়ে নিয়ে আমারই এক জ্ঞাতী ভাই নৌকার বিজয় সুনিশ্চিত করে ঘরে ফিরলেন। আমি আশাহত ভোটার ও জনগনের পক্ষে আছি থাকবো আজীন। তাই আমার চুয়াডাঙ্গা-২ আসবের মানুষের দাবীকে সমর্থন করে তাদের ভোটাধিকার ফিরিয়ে আনতে পুনঃ নির্বাচনের দাবীতে করছি । এ বিষয়ে মহামান্য আদালতে রিট দাখিল করে জনতার বিজয় সুনিশ্চিত করবো বলে জানিয়েছেন তিনি।

মেহেরপুরে দুইটি আসনের ৯ প্রার্থীর জমানত বাজেয়াপ্ত

মেহেরপুর-১ আসনে চারজন এবং মেহেরপুর-২ আসনে পাঁচজন প্রার্থী জামানত রক্ষায় ব্যর্থ হয়েছেন। নিয়ম অনুযায়ী প্রদত্ত (কাস্টিং ভোট) ভোটের আট ভাগের এক ভাগ ভোট পেলে প্রার্থী জামানত ফেরত পাবেন। সে হিসেবে ওই কাঙ্ক্ষিত ভোট না পাওয়ায় ৯ প্রার্থীর জামানতের অর্থ সরকারি কোষাগারে জমা হবে। প্রচলিত কথায় এসব প্রার্থী জামানত হারাচ্ছেন।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গত রোববার (৭ জানুয়ারি) ভোটগ্রহণ হয়। নির্বাচন কমিশনের তথ্য মতে, মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে ৩ লাখ ৩৭ জন ভোটারের মধ্যে প্রদত্ত ভোট ১ লাখ ৫৯ হাজার ৫৪১। জামানত ফিরে পেতে কাস্টিং ভোটের আট ভাগের এক ভাগ হিসেবে একজন প্রার্থীকে সর্বনিম্ন ১৯ হাজার ৯৪৩ ভোট পেতে হবে।

ফলাফলে দেখা গেছে, মেহেরপুর-১ আাসনে আওয়ামী লীগ প্রার্থী ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (নৌকা) ৯৪ হাজার ৩০৩ ভোট পেয়েছেন। স্বতন্ত প্রার্থী সাবেক এমপি আব্দুল মান্নান (ট্রাক) ৫৭ হাজার ৬৮২ ভোট পান।

এ ছাড়া স্বতন্ত্র প্রার্থী সাবেক এমপি জয়নাল আবেদীন (ঈগল) ১ হাজার ৪৪০ ভোট, জাতীয় পার্টি প্রার্থী আব্দুল হামিদ (লাঙ্গল) ৮২০ ভোট, ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি) প্রার্থী তারিকুল ইসলাম লিটন (আম) ৪৫৯ ভোট এবং বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তি জোট প্রার্থী বাবুল জম (ছড়ি) প্রতীকে ২৪১ ভোট পেয়েছেন। প্রদত্ত ভোটের শতাংশ হিসেবে চার প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হচ্ছে।

অপরদিকে মেহেরপুর-২ (গাংনী) আসনে মোট ২ লাখ ৫৫ হাজার ৯২৯ ভোটের মধ্যে প্রদত্ত ভোট ১ লাখ ২৮৫ হাজার ৪১১। প্রদত্ত ভোটের হিসেবে জামানত ফিরে পেতে একজন প্রার্থীকে সর্বনিম্ন ১৬ হাজার ৫২ ভোট পেতে হবে।

এ আসনটিতে সাতজন প্রার্থীর মধ্যে আওয়ামী লীগের প্রার্থী ডা. আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর (নৌকা) ৭২ হাজার ৭২৮ ভোট এবং স্বতন্ত্র প্রার্থী সাবেক এমপি মকবুল হোসেন (ট্রাক) ৪৯ হাজার ৫৯৩ ভোট পান।

এ ছাড়া জাতীয় পার্টির প্রার্থী কেতাব আলী (লাঙ্গল) ৮৯৬ ভোট, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট প্রার্থী শাহ জামাল (ছড়ি) ২৯৪ ভোট, বিএনপির সাবেক এমপি তৃণমূল বিএনপি প্রার্থী আব্দুল গনি (সোনালি আঁশ) ২৯১ ভোট, বাংলাদেশ কংগ্রেস প্রার্থী আল ফারুক (ডাব) ২৭৩ ভোট এবং ন্যাশনাল পিপলস পার্টি প্রার্থী গোলাম রসুল (আম) ২০৮টি ভোট পেয়েছেন। প্রদত্ত ভোটের হিসেবে এ আসনটিতে এ প্রার্থীদের জামানত বাজেয়াপ্ত হচ্ছে।

নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য পদে একজন প্রার্থীর জামানত জমা ছিল ২০ হাজার টাকা। মেহেরপুর-১ আসনের চারজন এবং মেহেরপুর-২ আসনের পাঁচ প্রার্থীর ওই জামানত বাজেয়াপ্ত হচ্ছে। নিয়ম অনুযায়ী এ অর্থ বাজেয়াপ্ত করে রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হবে।

মুজিবনগরে শ্রদ্ধা নিবেদন করলেন নতুন এমপি নাজমুল হক সাগর

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত মেহেরপুর -২(গাংনী) আসনের সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন আবু সালেহ মো: নাজমুল হক সাগর।

আজ সোমবার দুপুরে তিনি জেলা ও উপজেলা আওয়ামীলীগ নেতাকর্মীদের নিয়ে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক,জেলা আওয়ামীলীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম,মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ অনেকে। এরপর টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্দু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবদেন করবেন বলে জানিয়েছেন।

এসএসসি পাসে ঢাকায় নিয়োগ দেবে আড়ং

আড়ং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। প্রতিষ্ঠানটিতে কনজাম্পশন মাস্টার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নাম

কনজাম্পশন মাস্টার।

যোগ্যতা

প্রার্থীকে এসএসসি/সমমান পাস হতে হবে। নারী ও পুরুষ প্রার্থীরা আবেদন করবেন। বয়স: সর্বনিম্ন ১৮ বছর।

কর্মস্থল

ঢাকা।

বেতন

আলোচনা সাপেক্ষে

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনের মাধ্যমে করতে পারবেন।

আবেদনের সময়সীমা

০৮ জানুয়ারি, ২০২৪।